

## 45544 - পরিবারের সকলের পক্ষ থেকে একটি পশু কুরবানী করাই যথেষ্ট

### প্রশ্ন

আমি ও আমার স্ত্রী আমার পিতার সাথে বসবাস করি। তাই আমাদের সকলের পক্ষ থেকে কি একটি পশু কুরবানী করা যথেষ্ট; নাকি দুটো পশু কুরবানী করা আবশ্যিক?

### প্রিয় উত্তর

আপনাদের জন্য একটি পশু কুরবানী করাই যথেষ্ট। যেহেতু কোন এক ব্যক্তি ও তার পরিবারের সদস্যদের পক্ষ থেকে একটি পশু কুরবানী করা যথেষ্ট হবে মর্মে সুন্নাহতে উদ্ধৃত হয়েছে।

আতা বিন ইয়াসার (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন: আমি আবু আইয়ুব আনসারী (রাঃ) কে জিজ্ঞেস করেছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় কুরবানীগুলোর পদ্ধতি কী ছিল? তিনি বললেন: ব্যক্তি তার নিজের পক্ষ থেকে ও তার পরিবারের পক্ষ থেকে কুরবানী করত। তারা নিজেরা খেত এবং অন্যদেরকে খাওয়াতো। [সুনানে তিরমিযি (১৫০৫); আলবানী হাদিসটিকে সহিহত তিরমিযি গ্রন্থে সহিহ বলেছেন]

স্থায়ী কমিটিকে জিজ্ঞেস করা হয়েছিল: আমার স্ত্রী আমার বাবার সাথে এক বাসায় থাকেন। এমতাবস্থায় ঈদুল আযহার সময় আমার ও বাবার পক্ষ থেকে একটি মাত্র পশু জবাই করা কি যথেষ্ট হবে? নাকি হবে না?

জবাবে তারা বলেন: যদি বাস্তবতা এমনই হয় যেমনটি আপনি উল্লেখ করেছেন যে, পিতা ও পিতার সন্তান এক বাসায় থাকে; তাহলে আপনার পক্ষ থেকে, আপনার পিতার পক্ষ থেকে, আপনার স্ত্রীর পক্ষ থেকে, আপনার পিতার স্ত্রীর পক্ষ থেকে এবং আপনাদের দুই পরিবারের সকল সদস্যদের পক্ষ থেকে একটি পশু জবাই করলে কুরবানীর সুন্নত আদায় হওয়ার জন্য যথেষ্ট। [সমাণ্ড]

ফাতাওয়ালা লাজনাদ দায়িমা (১১/৪০৪)